শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

## সহকারী প্রকৌশলীর কার্যালয়

ফুলবাড়ি, কুড়িগ্রাম।

স্মারক নং-৪৬.০৩.৪৯১৮.৪০১.২০.০০৬.১৪-২৩৫ তারিখঃ ১৫/০৬/২০২৩খ্রিঃ

**নোটিশ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯ জুন ২০২৩ খ্রি. তারিখ বেলা ২.৩০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোছাঃ জান্নাতী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা।
৩। বিবিধ।

১৫-০৬-২৩
(মোঃ হাসান আলী)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

জনাব.................................
........................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪৬.০৩.৪৯১৮.৪০১.২০.০০৬.১৪-২৩৫/৫ তারিখঃ ১৫/০৬/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৫। অফিস নথি।

১৫-০৬-২৩
(মোঃ হাসান আলী)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট-"ক"

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখঃ ১৯ জুন ২০২৩ খ্রি.

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ জান্নাতী বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ০২ | মোঃ শরিফুল আলম মিয়া সোহেল | চেয়ারম্যান<br>শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৩ | মোঃ হাছেন আলী | চেয়ারম্যান<br>নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৪ | ডাঃ সুমন কান্তি সাহা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৫ | মোঃ হাসান আলী | উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | ১৯-৬-২৩ |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম

বিষয় ঃ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোছাঃ জান্নাতী বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১৯ জুন ২০২৩ খ্রি.

স্থান ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ২.৩০ ঘটিকায়।

সভায় পস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সদস্য-সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২৩ অর্থ বছরে মুজিব আবাসন ঘর সমূহে পানির উৎসের বরাদ্দ প্রাপ্তি। | মুজিব আবাসন ঘর সমূহে পানি সরবরাহের জন্য ০২টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের কাজ চলমান রয়েছে। দ্রুত এগুলো হস্তান্তর করা হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ০২ | মানব সম্পদ উন্নয়নে গ্রমীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ৩৫ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের স্মল স্কীম, পাবলিক টয়লেট, হাত ধোঁয়া বেসিন, কমিউনিটি ক্লিনিকে নতুন টয়লেট নির্মাণ ও কমিউনিটি ক্লিনিকের টয়লেট মেরামত। | আলোচ্য সূচীর সমস্ত কাজ সুষ্ঠ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | |
| ০১ | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের ১৮টি ও ২৪টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের চলমান কাজ | সভায় উপ-সহকারী প্রকৌশলী আরও জানান যে, ১৮টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের কাজ সমাপ্ত হয়েছে ও ২৪ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের কাজ চলমান রয়েছে। | |

সভাপতি সভায় বলেন যে, পানি সরবরাহ স্থান তালিকা নির্ধারণের বিষয়টি অত্যন্ত সঠিক যাচাই বাছাই এর মাধ্যমে করতে হবে যাতে প্রকৃত উপকারভোগী মানুষ এই সুবিধা ভোগ করতে পারে, সেদিকে সকলকে দৃষ্টি দিতে হবে। কাজেই এ বিষয়ে সকলকে আন্তরিকতার সহিত কাজ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ জান্নাতী বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ কমিটি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪৬.০৩.৪৯১৮.৪০১.২০.০০৬.১৪-২৩৬/৫ তারিখঃ ১৯ জুন ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২।উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। জনাব....................................ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। অফিস কপি।

১৯-০৬-২৩

(মোঃ হাসান আলী)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।